অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/25/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে প্লাগ পাওয়ার জেনেসি কাউন্টিতে নতুন হাইড্রোজেন জ্বালানী উৎপাদন ফেসিলিটি এবং বৈদ্যুতিক সাবস্টেশনের জন্য 290 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে

সংস্থাটি অ্যালাবামা শহরে ওয়েস্টার্ন নিউ ইয়র্ক সায়েন্স, টেকনোলজি এবং অ্যাডভান্সড ম্যানুফ্যাকচারিং পার্কে অত্যাধুনিক ফেসিলিটি নির্মাণ করবে, যা 68টি কর্মসংস্থান সৃষ্টি করবে

রাজ্যের বিনিয়োগ গভর্নরের সবুজ শক্তি কর্মসূচী সমর্থন করে, যা রাজ্য জুড়ে সবুজ শক্তি বিনিয়োগে 29 বিলিয়ন মার্কিন ডলার আহ্বান করে

কমিউনিটিগুলিকে পুনরুজ্জীবিত করতে এবং অর্থনীতিকে বাড়াতে এই অঞ্চলের বিস্তৃত কৌশল - "ফিঙ্গার লেকস ফরোয়ার্ড" এর সম্পূরক এই বিনিয়োগ

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে নেতৃস্থানীয় বিকল্প শক্তি প্রযুক্তি সরবরাহকারী প্লাগ পাওয়ার (Plug Power) জেনেসি কাউন্টির অ্যালাবামা শহরে ওয়েস্টার্ন নিউ ইয়র্ক সায়েন্স, টেকনোলজি অ্যান্ড অ্যাডভ্যান্সড ম্যানুফ্যাকচারিং পার্কে (Western New York Science, Technology and Advanced Manufacturing Park) একটি অত্যাধুনিক সবুজ হাইড্রোজেন জ্বালানী উৎপাদন ফেসিলিটি এবং বৈদ্যুতিক সাবস্টেশন নির্মাণের জন্য 290 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে। প্লাগ পাওয়ার প্রকল্পটি (Science and Technology Advanced Manufacturing Park, STAMP) সাইটে প্রথম নির্মাণ এবং বিজনেস পার্কে এর সম্প্রসারণের সাথে ভবিষ্যতের বৃদ্ধির সুযোগগুলিকে সমর্থন করার জন্য একটি 450-মেগাওয়াটের বৈদ্যুতিক সাবস্টেশন নির্মাণের জন্য এর সংস্থাটির অর্থ প্রদান প্রয়োজন হবে। প্লাগ পাওয়ার অতিরিক্তভাবে নতুন উত্পাদন ফেসিলিটিতে 68টি চাকরি তৈরি করতে প্রতিশ্রুতিবদ্ধ, যা প্রতিদিন 45 টন সবুজ হাইড্রোজেন উত্পাদন করবে। নিউ ইয়র্কে নতুন সবুজ হাইড্রোজেন জ্বালানী উত্পাদন ফেসিলিটি বিকাশের সংস্থাটির প্রতিশ্রুতিটি নিউ ইয়র্ক পাওয়ার কর্তৃপক্ষ (New York Power Authority), এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) এবং জেনেসি কাউন্টির একটি বিস্তৃত রাজ্য এবং স্থানীয় প্রণোদনা প্যাকেজের ফল। এই গ্রীষ্মে নতুন ফেসিলিটিটির নির্মাণ কাজ শুরু হবে বলে আশা করা হচ্ছে।

"নিউ ইয়র্ক রাজ্য সবুজ শক্তির শ্রেষ্ঠতার দিকে দৃষ্টি নিবদ্ধ করে আরও নবায়নযোগ্য ভবিষ্যতের দিকে জাতীয় প্রচেষ্টায় নিজেকে নেতা হিসেবে প্রতিষ্ঠিত করতে প্রতিশ্রুতিবদ্ধ, এবং আমরা দেখিয়ে

দিচ্ছি যে পরিবেশ রক্ষা করা এবং অর্থনৈতিক প্রবৃদ্ধিকে উত্সাহ দেওয়া পারস্পরিকভাবে স্বতন্ত্র নয়," **গভর্নর কুওমো বলেন।** "আমরা আবারও প্লাগ পাওয়ারের সাথে অংশীদারিত্ব করে অত্যন্ত গর্বিত, এবং অনেক নিউ ইয়র্কবাসীদের জন্য একটি কঠিন অর্থনৈতিক সময়ে আমরা নতুন বিনিয়োগ এবং চাকরির প্রবৃদ্ধি বাড়ানোর জন্য কাজ করার সময় ফিঙ্গার লেকস অঞ্চলে সংস্থাটির অব্যাহত বিনিয়োগ এবং উচ্চতর মানের সবুজ কর্মসংস্থান সৃষ্টির প্রতিশ্রুতির প্রশংসা করি।"

"আজকের ঘোষণার অর্থ কেবল জেনেসি কাউন্টিতে আরও উন্নত উত্পাদন কর্মসংস্থান নয়, বরং আমরা নিউ ইয়র্ক রাজ্যের জন্য আরও পরিচ্ছন্ন, সবুজ ভবিষ্যতেও বিনিয়োগ করছি," **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "নিউ ইয়র্ক রাজ্যের সহায়তার মাধ্যমে, এক নেতৃস্থানীয় বিকল্প শক্তি প্রযুক্তির সরবরাহকারী, প্লাগ পাওয়ার, একটি নতুন সবুজ হাইড্রোজেন জ্বালানী উত্পাদন ফেসিলিটির বিকাশ করবে। প্লাগ পাওয়ারের মতো সংস্থাগুলির অংশীদারিত্ব করে আমরা গর্বিত, যারা আমাদের রাজ্যকে বক্ররেখাটির অগ্রভাগে রাখতে এবং সবুজ অর্থনীতি তৈরি করার জন্য আমাদের প্রচেষ্টার উপর ভিত্তি করে গড়ে তুলছে।"

রাজ্যের প্রণোদনাগুলি গভর্নরের উচ্চাভিলাষী সবুজ শক্তি (Green Energy) কর্মসূচিকে সমর্থন করে - জাতির সবচেয়ে আক্রমণাত্মক জলবায়ু এবং পরিচ্ছন্ন শক্তি উদ্যোগ - যা রাজ্য জুড়ে সরকারী ও বেসরকারী বিনিয়োগে 29 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি উৎসাহিত করবে এবং 12,400 মেগাওয়াটের সবুজ শক্তি তৈরি করবে, যা ছয় মিলিয়ন বাড়ির জন্য যথেষ্ট পরিমাণে বিদ্যুত। এই বিনিয়োগগুলি কেবল নিউ ইয়র্কের জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইনের লক্ষ্য পূরণ করে রাজ্যকে কার্বন নিরপেক্ষ অর্থনীতির দিকে পরিবর্তন করতে সহায়তা করবে তাই নয়, বরং এই COVID মহামারী থেকে অর্থনৈতিক পুনরুদ্ধারকেও উত্সাহিত করবে।

নিউ ইয়র্ক পাওয়ার কর্তৃপক্ষ বোর্ড অব ট্রাস্টিজ (New York Power Authority Board of Trustees)-এর অনুমোদন সাপেক্ষে নিউ ইয়র্ক পাওয়ার কর্তৃপক্ষ (New York Power Authority, NYPA)-এর এই প্রণোদনাগুলি, ডিসেম্বরে গভর্নর কর্তৃক ঘোষিত পাওয়ার কর্তৃপক্ষের নতুন সবুজ কর্মসংস্থান মানদণ্ডের অধীনে অর্থনৈতিক বিকাশের জন্য অনুমোদিত প্রথম NYPA গ্রাহককে চিহ্নিত করবে। গভর্নর NYPA বোর্ডকে এই প্রণোদনা অনুমোদন করার সুপারিশ করছেন:

- নায়াগ্রা বিদ্যুৎ প্রকল্প (Niagara Power Project) থেকে কম খরচে 10 মেগাওয়াট জলবিদ্যুৎ বরাদ্দকরণ।
- ওয়েস্টার্ন নিউ ইয়র্ক পাওয়ার প্রসিডস প্রোগ্রাম (Western New York Power Proceeds program) থেকে 1.5 মিলিয়ন মার্কিন ডলার।
- 143 MW হাই-লোড ফ্যাক্টর পাওয়ার যা NYPA জ্বালানী বাজারে প্লাগ পাওয়াrer jonyo কিনবে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) কর্মসংস্থান সৃষ্টির প্রতিশ্রুতির বিনিময়ে এক্সেলসিয়র ট্যাক্স ক্রেডিটে ২ মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত প্রদান করবে। জেনেসি কাউন্টি অতিরিক্ত স্থানীয় কর প্রণোদনা প্রদান করবে, জেনেসি কাউন্টি অর্থনৈতিক উন্নয়ন কেন্দ্রের (Genesee County Economic Development Center) বিভিন্ন অনুমোদনের সাপেক্ষে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) ভারপ্রাপ্ত কমিশনার, প্রেসিডেন্ট ও মনোনীত প্রধান নির্বাহী কর্মকর্তা এরিক গার্টলার বলেন, "প্লাগ পাওয়ারের অগ্রগামী উদ্ভাবন এবং নিউ ইয়র্ক স্টেটের প্রতি চলমান অঙ্গীকারবদ্ধতা গভর্নর কুওমোর পরিচ্ছন্ন শক্তির দর্শনকে এগিয়ে নিয়ে যেতে সাহায্য করছে। STAMP মেগা সাইটে এই হাইড্রোজেন জ্বালানী উৎপাদন সুবিধা শীর্ষ মানের, উচ্চ-প্রযুক্তি উৎপাদন কর্মসংস্থান সৃষ্টি করে নিউ ইয়র্কের সবুজ অর্থনীতিকে শক্তিশালী করবে।"

নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটির (New York Power Authority, NYPA) প্রেসিডেন্ট ও প্রধান বির্বাহি কর্মকর্তা গিল সি. কুইনিওনস বলেন, "গভর্নরের নেতৃত্বে রাজ্যের পরিচ্ছন্ন জ্বালানী অর্থনীতি দ্রুত বৃদ্ধি পাচ্ছে এবং প্লাগ পাওয়ার সবুজ শক্তির সংস্থাগুলির জন্য প্রচুর সুযোগগুলি ব্যবহার করছে নিউ ইয়র্কে সম্প্রসারণ এবং সমৃদ্ধির জন্য। নায়াগ্রা বিদ্যুৎ প্রকল্প থেকে NYPA-এর কার্বন মুক্ত জলবিদ্যুতের সুবিধা নিয়ে জ্বালানীর কোষের অ্যাপ্লিকেশনের জন্য সবুজ হাইড্রোজেন উন্নয়নে নিবেদিত একটি ফার্মকে আকৃষ্ট করা হল একটি উদাহরণ কিভাবে আমরা জলবায়ু সঙ্কটের মোকাবিলা করবো।"

প্লাগ পাওয়ার সম্প্রসারণ 2022 সালের মধ্যে উত্তর আমেরিকা জুড়ে সাতটি হাইড্রোজেন উৎপাদন ফেসিলিটি নির্মাণ করার একটি কেন্দ্রীভূত কৌশলের অংশ। জানুয়ারী মাসে গভর্নর ঘোষণা করেন যে প্লাগ পাওয়ার মনরো কাউন্টিতে 125 মিলিয়ন মার্কিন ডলারের একটি উদ্ভাবনী কেন্দ্র স্থাপন করবে, যা 377টি নতুন কর্মসংস্থান সৃষ্টি করবে। এই ফেসিলিটি তার প্রোজেন হাইড্রোজেন ফুয়েল সেল ইঞ্জিনের জন্য হাইড্রোজেন ফুয়েল সেল স্ট্যাক উৎপাদন করবে যা উপাদান নাড়াচাড়া করার সরঞ্জাম, অন-রোড বাণিজ্যিক বহরের যানবাহন, এবং ড্রোন সহ বিভিন্ন বৈদ্যুতিক যানবাহন চালানোর জন্য ব্যবহার করা হবে। কোম্পানিটি এছাড়াও রোচেস্টার ইস্টম্যান বিজনেস পার্কে (Rochester's Eastman Business Park) একটি ফেসিলিটি পরিচালনা করে যার সদর দপ্তর এবং রাজধানী অঞ্চলে।

প্লাগ পাওয়ারের (Plug Power) সিইও এন্ডি মার্শ বলেছেন, "প্লাগ পাওয়ারের ভবিষ্যৎ সঠিকভাবে সবুজ হাইড্রোজেন অর্থনীতি গড়ে তোলার উপর নির্ভর করে। আমরা কৃতজ্ঞ যে আমাদের গৃহ-রাজ্য নিউ ইয়র্ক আক্রমণাত্মক জলবায়ু এবং পরিচ্ছন্ন জ্বালানীর উদ্যোগ সমর্থন করে। এবং, প্লাগ পাওয়ারের সবুজ হাইড্রোজেন সমাধান রাজ্যের ইতিবাচক পরিবেশ এবং অর্থনৈতিক জলবায়ুর উপর প্রভাব ফেলতে পারে। নিউ ইয়র্ক রাজ্যের নেতাদের তাদের অব্যাহত সহায়তার জন্য অনেক ধন্যবাদ, যাদের মধ্যে রয়েছেন সেনেটর শুমার, গভর্নর কুওমো এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development), জেনেসি কাউন্টি অর্থনৈতিক উন্নয়ন কেন্দ্র (Genesee County Economic Development Center) এবং আরও অন্যান্যের মধ্যে থেকে অনেকেই।"

STAMP নিউ ইয়র্কের বৃহত্তম জনসংখ্যা, গবেষণা এবং কর্মশক্তি প্রশিক্ষণের কেন্দ্রগুলির কেন্দ্রস্থলে অবস্থিত একটি 1,250-একরের মেগা সাইট। নিউ ইয়র্ক রাজ্য থ্রুওয়ের দ্বারা নিউ ইয়র্কের হাই-টেক করিডোরের সাথে সংযুক্ত, STAMP সমস্ত সাইট-স্তরের ডিজাইন এবং ইঞ্জিনিয়ারিং, এবং

সেমিকন্ডাক্টর উত্পাদন, পুনর্নবীকরণযোগ্য উত্পাদন, বায়োফার্মা উত্পাদন, এবং অন্যান্য উচ্চ-ক্ষমতার শিল্পক্ষেত্রগুলি সহ প্রকল্পসমূহ গ্রহণ করার সমস্ত সাইট-স্তরের পরিবেশগত এবং জোনিং অনুমোদনগুলি সম্পন্ন করেছে। মেগা সাইটটি কৌশলগতভাবে নিউ ইয়র্ক পাওয়ার কর্তৃপক্ষ (New York Power Authority)-এর স্বল্প ব্যয়ের জলবিদ্যুৎ অঞ্চলে অবস্থিত এবং উচ্চ-ক্ষমতার, 100 শতাংশ পুনর্নবীকরণযোগ্য, নির্ভরযোগ্য শক্তির উত্স দ্বারা পরিষেবা প্রাপ্ত হবে। ফিঙ্গার লেকস আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল (Finger Lakes Regional Economic Development Council) কর্তৃক আঞ্চলিক অগ্রাধিকার প্রকল্প হিসেবে STAMP-কে বৈধতা দেওয়া হয়েছে এবং স্থানীয়, আঞ্চলিক এবং রাজ্য সরকারগুলি, এবং তার সাথে ব্যবসা, বিশ্ববিদ্যালয় এবং ইউটিলিটি অংশীদারদের দ্বারা এটি সমর্থিত হয়েছে।

জেনেসি কাউন্টি ইকোনমিক ডেভেলপমেন্ট সেন্টারের প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা স্টিভ হাইড বলেন, "নিউ ইয়র্ক স্টেটের STAMP এর মত একটি মেগা সাইটে বিনিয়োগ করার প্রচেষ্টা জেনেসি কাউন্টি, অ্যালাবামা শহর এবং নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির সহযোগিতায়, বিশ্বব্যাপী উন্নত উৎপাদনকারী কোম্পানিগুলির মধ্যে একটি উল্লেখযোগ্য আগ্রহ সৃষ্টি করেছে STAMP এবং জেনেসি কাউন্টিতে। STAMP এ এই প্রস্তাবিত উন্নয়নের অর্থনৈতিক সুবিধা এছাড়াও ব্যাখ্যা করে কিভাবে এই প্রকল্প জলবায়ু পরিবর্তন কমাতে নিউ ইয়র্ক স্টেটের অগ্রণী ভূমিকায় অবদান রাখে, যেহেতু প্লাগ পাওয়ার পরিচ্ছন্ন হাইড্রোজেন উৎপাদনে একটি আন্তর্জাতিক নেতা যা উল্লেখযোগ্যভাবে বায়ু নির্গমন কমাতে পারে এবং এই প্রক্রিয়ায় আমাদের সম্প্রদায় এবং অঞ্চলের জন্য ভালো বেতনের কর্মসংস্থান সৃষ্টি করতে পারে।"

সাশ্রয়ী মূল্যের নায়াগ্রা জলবিদ্যুৎ NYPA-এর নায়াগ্রা বিদ্যুৎ প্রকল্পের 30-মাইল ব্যাসার্ধের বা চাউটাউকুয়া কাউন্টির ব্যবসাগুলির জন্য উপলব্ধ। নায়াগ্রা জলবিদ্যুতের সাথে এই অঞ্চলের বিদ্যমান দশ হাজার কর্মসংস্থান জড়িত। NYPA এর নায়াগ্রা বিদ্যুৎ কেন্দ্র থেকে অব্যবহৃত বিদ্যুৎ বিক্রয়ের থেকে নেট উপার্জিত অর্থ এবং 2012 সালে গভর্নর কুওমোর স্বাক্ষরিত আইন থেকে আইনটি পাস করেছিলেন বলে এই পুরস্কারটি দেওয়া সম্ভব হয়েছে।

অ্যালাবামা টাউন সুপারভাইজার রবার্ট ক্রসেন বলেন, "আমি প্লাগ পাওয়ার সহ বিভিন্ন উন্নত উৎপাদন কোম্পানির অ্যালাবামা শহর এবং STAMP এ যে আগ্রহ আছে তার ফলে উৎসাহিত। এই মাপের একটি প্রকল্পের জন্য উপযুক্ত একটি সাইটকে সামনে আনার জন্য আমরা কঠোর পরিশ্রম করেছি, এবং আমরা আমাদের সম্প্রদায়ের মধ্যে এই প্রকল্পের উন্নয়ন ও অগ্রগতির জন্য গুরুত্বপূর্ণ পদক্ষেপ অর্জনের জন্য উদগ্রীব।"

গ্রেটার রোচেস্টার এন্টারপ্রাইজ প্রেসিডেন্ট ও সিইও ম্যাট হার্লবাট বলেন, "প্লাগ পাওয়ার কম খরচে, পরিচ্ছন্ন জলবিদ্যুৎ সহ অনন্য পরিকাঠামোর কারণে জেনেসি কাউন্টির STAMP মেগা সাইটে একটি হাইড্রোজেন উৎপাদন ফেসিলিটি স্থাপনের পরিকল্পনা করেছে। এই নতুন সুবিধায় উৎপাদিত বিদ্যুৎ রচেস্টার, NY এর প্লাগ পাওয়ারের গিগা ফ্যাক্টরিকেও সমর্থন করবে।"

প্লাগ পাওয়ার সম্পর্কে অতিরিক্ত তথ্যের জন্য, https://www.plugpower.com/ ভিজিট করুন।

ফিঙ্গার লেকস এর অগ্রগতি ত্বরান্বিতকরণ

আজকের ঘোষণা "ফিঙ্গার লেকস এর অগ্রগতি ত্বরান্বিতকরণ" এর সম্পূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি ও কমিউনিটি বিকাশের জন্য এই অঞ্চলের সমন্বিত রূপরেখা। স্টেট এ অঞ্চলে 2012 সাল থেকে এই পরিকল্পনার জন্য বুনিয়াদী কাজের পিছনে ইতোমধ্যেই 4.07 বিলিয়নের বেশি মার্কিন ডলার বিনিয়োগ করেছে - ফটোনিক্স, কৃষি ও খাদ্য উৎপাদন এবং আধুনিক নির্মাণ কার্যের মতো মূল শিল্প এই বিনিয়োগের অন্তর্ভুক্ত। বর্তমানে, উত্তরাঞ্চলের পুনরুজ্জীবিতিকরণ উদ্যোগের মাধ্যমে অঞ্চলটি 500 মিলিয়ন মার্কিন ডলারের অঙ্গরাজ্যের বিনিয়োগসহ ফিঙ্গার লেকস এর অগ্রগতি ত্বরান্বিত করছে যা গভর্নর কুওমো ডিসেম্বর 2015-এ ঘোষণা করেন। অঙ্গরাজ্যের এই 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ বেসরকারি খাতের ব্যবসায়ীদের 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করার জন্য উদ্দীপনা দেবে - এবং অঞ্চলের দাখিলকৃত পরিকল্পনা অনুযায়ী আশা করা হচ্ছে যে 4,200 এর বেশি নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে। আরও তথ্য পাওয়া যাবে এখানে।

NYPA সম্পর্কে

NYPA হচ্ছে দেশের সবচেয়ে বৃহৎ স্টেট সরকারি বিদ্যুৎ সংস্থা যা 16টি উৎপাদক কারখানা এবং 1,400 সার্কিট-মাইলেরও বেশি ট্রান্সমিশন লাইন পরিচালনা করে। NYPA উৎপাদিত বিদ্যুতের 40 শতাংশেরও বেশি হচ্ছে পরিচ্ছন্ন নবায়নযোগ্য হাইড্রোপাওয়ার। NYPA কোনো ধরনের আয়কর অর্থ বা স্টেট ক্রেডিট ব্যবহার করে না। তারা তাদের বন্ড বিক্রয় এবং বিদ্যুৎ বিক্রি করে অর্জিত অর্থ দিয়ে তাদের অধিকাংশ কার্যকলাপের অর্থায়ন করে। আরো তথ্যের জন্য
দেখুন www.nypa.gov এবং আমাদের অনুসরণ করুন
টুইটার, ফেসবুক, ইন্সটাগ্রাম, টাম্বলার এবং লিঙ্কডইনে।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন